

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২২০

২২. ওয়াসিয়াত অধ্যায় (کتاب الوصایا) পরিচ্ছেদঃ ৩. যিনি ওয়াসীয়াত করেন নি

باب مَنْ لَمْ يُوصِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ مَالِكِ بْنِ مِغْوَلٍ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفِ الْيَامِيِّ قَالَ سَأَلْتُ عَبْدَ اللَّهِ بْنَ أَبِي أَوْفَى أَوْصَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا قُلْتُ فَكَيْفَ كُتِبَ عَبْدَ اللَّهِ بْنَ أَبِي أَوْفَى أَوْصَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا قُلْتُ فَكَيْفَ كُتِب عَلَى النَّاسِ الْوَصِيَّةُ أَوْ أُمِرُوا بِالْوَصِيَّةِ فَقَالَ أَوْصَى بِكِتَابِ اللَّهِ وَقَالَ هُزَيْلُ بْنُ شُرَحْبِيلَ عَلَى النَّه عَلَى اللَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَدَّ أَبُو بَكْرٍ أَنَّهُ وَجَدَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَحَدَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَدَّ أَبُو بَكْرٍ أَنَّهُ وَجَدَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَهْدًا فَخَزَمَ أَنْفَهُ بِخِزَامَةٍ

বাংলা

৩২২০. তালহা ইবনু মুসাররিফ (রহ.) হতে বর্ণিত, তিনি বলেন, আমি 'আবদুল্লাহ্ ইবনু আবী আওফা রাদ্বিয়াল্লাহ্ আনহ্-এর নিকট জিজেস করলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কি অসীয়াত করেছিলেন? তিনি বলেন, না। আমি বললাম, তাহলে কিভাবে লোকদের উপর অসীয়াত ফরজ করা হলো, কিংবা ওয়াসিয়াতের নির্দেশ দেয়া হলো? তিনি বললেন, আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর কিতাব (অনুসারে 'আমল করার) জন্য অসীয়াত করেছেন।[1]হুযাইল ইবনু শুরাহবিল (রহঃ) বলেন, আবূ বকর রাদ্বিয়াল্লাহ্ আনহ্ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর ওসীয়াত অনুযায়ী নির্দেশ দিতে পছন্দ করতেন। আবূ বকর রাদ্বিয়াল্লাহ্ আনহ্ কে ভালবাসতেন যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে যে নির্দেশই পান, তার লাগাম তিনি তার নাকে পরেন।[2]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, ওয়াসাইয়া ২৭৪০।



আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬০২৩ ও মুসনাদুল হুমাইদী নং ৭৩৯ তে। এছাড়াও, ইবনু মাজাহ, ওয়াসাইয়া ২৬৯৬; ইবনু সা'দ, আত তাবাকাত ২/১/৪৯; ইবনু আবী শাইবা ১১/২০৬ নং ১০৯৮৬।

[2] তাহক্বীক: এর সনদ আগের সনদটির সাথে মাওসুল (সংযুক্ত)।

তাখরীজ: মুসনাদুল হুমাইদী নং ৭৩৯; ইবনু মাজাহ, ওয়াসাইয়া ২৬৯৬; ইবনু সা'দ, আত তাবাকাত ২/১/৪৯।হাফিজ (ইবনু হাজার) ফাতহুল বারী ৫/৩৬১ তে একে ইবনু মাজাহ ও আবূ আওয়ানাহ'র সাথে সম্বোদ্ধিত করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ত্বলহা ইবনু মুসাররিফ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন